দৈনিক ইত্তেফাক

তারিখ ..12. APR..2015.. ...
পৃষ্ঠা ..১৫.. কলাম...৭.. ......

# গোদাগাড়ীতে ৪২ শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস চলছে খোলা আকাশের নিচে

■ রাজশাহী অফিস

গত চার এপ্রিল বিকালে মাত্র ২২ মিনিটের কালবৈশাখী ঝড়ে রাজশাহীর গোদাগাড়ী উপজেলার ৪২টি শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়েছে। এরমধ্যে ১৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়। বাকি ২৫টি মাধ্যমিক পর্যায়ের স্কুল ও মাদ্রাসা। বর্তমানে ওইসব শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান চলছে খোলা আকাশের নিচে।

সংশ্লিষ্টরা জানান, ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর তালিকা উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পাঠানো হবে। এরপর সরকারি বরাদ্দ পেলে সেগুলো মেরামত করা হবে। কবে নাগাদ সেটা সম্ভব হবে তা নিশ্চিত করে বলতে পারেননি সংশ্লিষ্টরা।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সোহেল হোসেন বলেন, সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে প্রেমতলি জসিম উদ্দীন দাখিল মাদ্রাসা, ললিতনগর ভূষণা আলিম মাদ্রাসা, আয়েশা সাবের দাখিল মাদ্রাসা, হুজরাপুর উচ্চ বিদ্যালয় ও মান্ডইল উচ্চ বিদ্যালয়। ঝড়ে এসব স্কুলের টিনের ছাদ উড়ে গেছে। কোনটির দেয়ালও ধসে পড়েছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সানাউল্লাহ বলেন, ১৭টি প্রাথমিক বিদ্যালয়ের কোনটির ছাদ উড়ে গেছে, কোনটির দেয়াল ভেঙেছে, কোনটি সম্পূর্ণ বিধ্বস্ত হয়েছে।

উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) খালিদ হোসেন বলেন, স্কুলভবন মেরামতে বরাদ্দের জন্য প্রতিষ্ঠান প্রধানকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বরাবরে লিখিত আবেদন করতে বলা হয়েছে। এজন্য তিনি যথাসম্ভব তদ্বির করবেন।